Bengali

আমার হাউজিং বেনিফিট পেছনের তারিখ থেকে কার্যকর করা যাবে কি?

(Can you backdate my Housing Benefit and Council Tax Benefit?)

এই প্রচার পুস্তিকায় পেছনের তারিখ থেকে বেনিফিট পাবার বিষয়ে ব্যাখ্যা দেয়া হয়েছে। এই বিধিবিধানগুলো পুরো দেশের জন্য প্রযোজ্য এবং আপনি যে এলাকায়ই বাস করেন না কেন সেগুলো একই। আপনার এলাকা কোন কাউন্সিলে পড়েছে তা না জানলে আপনার কাউন্সিল ট্যাক্স বিল থেকে জানতে পারবেন।

৬ অক্টোবর ২০০৮ এ সংশোধিত

আমি ৬০ বছর বয়সী বা তার ওপরে। আমার বেনিফিট কখন থেকে শুরু হবে?

আপনি অথবা আপনার সঙ্গী (পার্টনার), যদি ৬০ এর উপরের বয়সী হন ও হাউজিং বেনিফিট এবং/অথবা কাউন্সিল ট্যাক্স বেনিফিট পাওয়ার যোগ্য হন, তাহলে তা আপনার দাবী প্রকৃত অর্থে পেশ করার তারিখের ৩ মাস পূর্ব হতে বেনিফিট প্রদান শুরু হতে পারে, যদি ঐ সময়কালে আপনি বেনিফিট পাবার অধিকারী হন। আপনি যদি ৬০ বছর বা তার বেশী বয়সী হন এবং দাবী পেশ করার তারিখের পূর্বেই বেনিফিট পাবার অধিকারী হন তাহলে এটা স্বয়ংক্রিয়ভাবেই আপনাকে দেয়া হবে। আমাদের জানার দরকার হবে না আপনি কেন আরো আগেই পেছনের তারিখ থেকে বেনিফিট পাবার জন্য দাবী পেশ করেন নি।

আপনি কত বেনিফিট পাবার অধিকারী আমাদের তা নিরূপণের জন্য আপনাকে দাবীকৃত সময়কালে আপনার আয়/মূলধন এবং বাড়ীভাড়াজনিত দায়দেনার প্রমাণ দাখিল করতে হবে। যদি মনে করেন যে আপনার দাবী পূর্ববর্তী কোনও তারিখ থেকে শুরু হওয়া উচিত তাহলে আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

এই লিফলেটের বাকী অংশে ৬০ বছরের কম বয়সীদের জন্য পেছনের তারিখ থেকে বেনিফিট পাবার বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে।

আমি ৬০ বছরের কম বয়সী।
আমার বেনিফিট কখন থেকে শুরু হবে?

আপনি যদি হাউজিং বেনিফিট অথবা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা উভয়টি) পাবার যোগ্য হয়ে থাকেন তাহলে আমরা এজন্য আমাদের কাছে আপনার প্রথমবার আবেদন পত্রের ফরম চাওয়ার পরবর্তী সোমবার থেকে সাধারণতঃ বেনিফিট পরিশোধ করব (অবশ্য যদি প্রথম যোগাযোগের তারিখ থেকে এক ক্যালেন্ডার মাসের মধ্যে আপনি আবেদন পত্র পূরণ করে জমা দিয়ে থাকেন)।

যদি আপনি জবসেন্টার প্লাস এর মাধ্যমে টেলিফোনে হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট এর (অথবা উভয়টির) জন্য দাবী পেশ করেন, সেক্ষেত্রে জবসেন্টার প্লাস-এর সাথে আপনার প্রথম যোগাযোগের তারিখকে আপনার প্রথম দাবী পেশ করার তারিখ হিসাবে আমরা ধরে নেব।

আপনি যদি ইনকাম সাপোর্ট বা চাকুরী প্রার্থীর জন্য জবসীকার্স এলাউন্স (আয়ভিত্তিক) অসমর্থদের জন্য ইনক্যাপাসিটি বেনিফিট বা জবসীকার্স এলাউন্স (অবদান ভিত্তিক) পেয়ে থাকেন, তাহলে এইসব বেনিফিটের দাবী পেশ করার তারিখ একই দিন হবে।

কোনও কোনও সময় আপনার দাবীর তারিখের আগেও আমরা বেনিফিট পরিশোধ করতে পারি। এটাকে ব্যাকডেটিং বলা হয়। আইনমোতাবেক ৬ মাস পূর্ব পর্যন্ত আমরা আপনার দাবীকৃত বেনিফিট প্রদান শুরু করতে পারি। তবে, দাবী পেশ করতে আপনার বিলম্ব হওয়ার একটা যুক্তিসংগত কারণ অবশ্যই আপনাকে দেখাতে হবে। এটাকে সঠিক কারণ বা ‘‘গুড কজ’’ বলা হয়।

কোনটি সঠিক কারণ বা ‘‘গুড কজ’’ হিসাবে বিবেচিত হবে?

আমরা প্রতিটি কেইসকে আলাদাভাবে বিবেচনা করব। ‘‘গুড কজ’’ হচ্ছে এমন একটা কারণ যা আপনাকে বেনিফিটের দাবী আরও পূর্বে পেশ করতে বাধাগ্রস্থ করেছে। গুড কজ এর মধ্যে, বিদ্যমান পরিস্থিতির উপর নির্ভর করে, নীচের কারণগুলো থাকতে পারেঃ

- আপনি অসুস্থ ছিলেন, এবং আপনার দাবী পেশ করার মত কেউ আপনার ছিলেন না।
- অন্য একটা বেনিফিটের ব্যাপারে সিদ্ধান্তের জন্য আপনি অপেক্ষা করছিলেন।

- কোনও কর্মকর্তা বা সংগঠন আপনাকে ভুল তথ্য দিয়েছিল যে আপনি হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স (বা উভয়টি) পাওয়ার উপযুক্ত নন।

- দাবী যে পেশ করতে পারেন সে বিষয়টি আপনি বুঝতে পারেন নি, সম্ভবতঃ নিম্নলিখিত কারণেঃ
    - আপনার বয়স;
    - বেনিফিট পদ্ধতি সম্পর্কে অনভিজ্ঞতা;
    - ভাষাগত সমস্যা;
    - টেকনিক্যাল ডকুমেন্টসমূহ বুঝতে অসুবিধা; অথবা
    - অন্য কোনও কারণ

- হাসপাতালে, জেলখানায় বা দীর্ঘমেয়াদী কেয়ারের অধীনে অবস্থান শেষ করার পর পরই অনতিবিলম্বে আপনি দাবী পেশ করেন নি।

- নিজের বিষয়াদি নিজে সামলে নিতে আপনি অসমর্থ ছিলেন এবং আপনাকে সাহায্য করার কেউ ছিল না।

- একজন নিকটাত্মীয় মারা গিয়েছিলেন।

এসব উদাহরণ শুধু আপনাকে একটা ধারণা পেতে সহায়তা করার জন্য। এগুলো সকল সম্ভাব্য কারণের পূর্ণাঙ্গ তালিকা নয়। আপনি দাবী পেশ করতে ভুলে গিয়ে ছিলেন, কিংবা জানতেন না যে দাবী পেশ করা যায়, এগুলোই নিজ যুক্তিতে "গুড রিজন" বা সঠিক কারণ বিবেচিত হবে না। যদি আপনার দাবী আরো আগে পেশ না করার কারণগুলো দাবী পেশ করার সময় পর্যন্ত বহাল থাকে তাহলেই শুধু আমরা আপনার বেনিফিট পেছনের তারিখ থেকে প্রদান করতে পারব।

এখানে কিছু উদাহরণ দেয়া হলোঃ

জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত আপনি অসুস্থ ছিলেন এবং একটু ভাল হয়ে মার্চ মাসে এসে বেনিফিট দাবী করেছেন। এর আগে দাবী করেন নি যেহেতু আপনাকে সাহায্য করার মত আর কেউ ছিল না। এক্ষেত্রে আমরা জানুয়ারী থেকে আপনার বেনিফিট পরিশোধের কথা বিবেচনা করতে পারি।

অবশ্য, আপনি যদি জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত অসুস্থ থাকেন ও দাবী পেশ করতে সহায়তা করার জন্য কেউ ছিল না, কিন্তু মে মাস পর্যন্ত দাবী পেশ করেন নি, সে ক্ষেত্রে আমরা আপনাকে জানুয়ারী থেকে বেনিফিট দেব না যেহেতু "গুড কজ" বা সঠিক কারণ জানুয়ারী থেকে মে পর্যন্ত অব্যাহত ছিল না।

পেছনের তারিখ থেকে প্রদানযোগ্য বেনিফিট কিভাবে দাবী করব?

যদি মনে করেন যে বিলম্বে দাবী পেশ করার আপনার সঠিক কারণ রয়েছে, তাহলে সঙ্গে সঙ্গে তা আমাদেরকে লিখিতভাবে জানাতে হবে। আপনার স্থানীয় কাউন্সিলে যোগাযোগ করে এর ফরম নিতে পারেন অথবা সাদা কাগজেই আমাদেরকে লিখতে পারেন। আমাদেরকে জানাতে হবে কোন সময় থেকে বকেয়া বেনিফিট চাচ্ছেন এবং কেন দাবী পেশে বিলম্ব হয়েছে। আমাদেরকে আপনার আয়, সঞ্চয় ও সংশ্লিষ্ট সময়ে ভাড়া পরিশোধ বাবদ ব্যয় এর প্রামাণ্য কাগজপত্র এবং দেরীতে দাবী পেশের কারণ সমূহের সপক্ষে প্রমাণাদি (উদাহরণ স্বরূপ, মেডিক্যাল সার্টিফিকেট বা হাসপাতালের চিঠিপত্র) দেখাতে হবে।

এজন্য সহায়তার প্রয়োজন হলে, দয়া করে আপনার লোকাল কাউন্সিলকে বলুন। সিটিজেন এডভাইস ব্যুরো বা এধরণের সহায়ক সংস্থার সাহায্যও পেতে পারেন। তাদের ও অন্যান্য সহায়ক সংস্থার ফোন নাম্বার ফোনবুক ও স্থানীয় লাইব্রেরীতে, অথবা আপনার লোকাল কাউন্সিলে যোগাযোগ করে পারেন।

এর পর কি হবে?

আমরা সিদ্ধান্ত নেব আপনার দেয়া তথ্যের ভিত্তিতে পেছনের তারিখ থেকে আপনার বেনিফিট প্রদান করা যাবে কি না। আমাদের সিদ্ধান্ত আমরা আপনাকে লিখিতভাবে জানাব। যদি পেছনের তারিখ থেকে বেনিফিট না দেয়ার সিদ্ধান্ত হয়, তাহলে আমরা আপনাকে এর কারণ জানাব।

আমি যদি আপনাদের সিদ্ধান্তের সাথে একমত না হই, তাহলে?

আমরা সিদ্ধান্ত নিতে পারি যে আপনার দেখানো কারণগুলো পূর্বের কোনও তারিখ থেকে আপনার বেনিফিট পরিশোধের বিষয় বিবেচনার জন্য যথেষ্ট জোরদার নয়। আপনি এ সিদ্ধান্তের সাথে একমত না হলে আমাদেরকে সিদ্ধান্তটি পূণরায় পর্যালোচনার জন্য লিখুন। সিদ্ধান্ত জানিয়ে লিখা পত্র পাওয়ার এক মাসের মধ্যে অবশ্যই আপনাকে আমাদের সাথে যোগাযোগ করতে হবে। এছাড়াও আপনি আমাদেরকে ফোনে, চিঠি লিখে বা অফিসে উপস্থিত হয়ে সিদ্ধান্তটি ব্যাখ্যা করার জন্য বলতে পারেন। এছাড়া আপনি আমাদের সিদ্ধান্তের কারণ সম্বলিত একটি লিখিত বক্তব্য চাইতে পারেন যাতে আমাদের সিদ্ধান্তের ব্যাপারে আরও তথ্য থাকবে।

এরপরও আপনি যদি সন্তুষ্ট না হয়ে থাকেন, তাহলে আপনি লিখিতভাবে আপনার স্থানীয় কাউন্সিলের বেনিফিট শাখায় আপীল করতে পারেন। আপীল সার্ভিস তখন আপনার আপীলের উপর একটি ট্রাইবুনালে শুনানীর মাধ্যমে সিদ্ধান্ত নেবেন। (আরও তথ্যের জন্য ""What to do if you think the decision about your Housing Benefit or Council Tax Benefit is wrong" নামক লিফলেট দেখুন)।

আরও পরামর্শ কোথায় পেতে পারি?

আরও সহায়তা বা পরামর্শের প্রয়োজন হলে আপনার স্থানীয় কাউন্সিলে যোগাযোগ করুন (কাউন্সিলের ট্যাক্স বিলে স্থানীয় কাউন্সিলের নাম পাবেন।)

নিরপেক্ষ পরামর্শ

স্বাধীন পরামর্শের প্রয়োজন হলে আপনার স্থানীয় সিটিজেনস্ এ্যাডভাইস ব্যুরো-র সাথে যোগাযোগ করুন। তাদের ও অন্যান্য স্থানীয় পরামর্শ সংস্থার নাম্বার ফোনবুকে এবং স্থানীয় লাইব্রেরীতে, অথবা স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করলে পাবেন।

অন্যান্য মাধ্যমে

এই পুস্তিকায় তথ্যাদি বড় হরফে ছাপানো, ব্রেইল, অডিও সংস্করণ ও অন্যান্য ভাষায় পাবেন। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট www.benefit-leaflets.org দেখুন।

এ লিফলেট তৈরী করেছেন ডোভার ডিস্ট্রিক্ট কাউন্সিলের নির্দেশণায় ন্যাশনাল লিফলেট প্রজেক্ট। আরো তথ্যের জন্য www.benefit-leaflets.org এ ওয়েবসাইট দেখুন।